মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাথীদের মধ্যে দু’জন সাথীদের কল্যাণের ব্যাপারে আদৌ ত্রুটি করেন না।

আবূ আত্বিয়্যাহ হতে বর্ণিত, তিনি বলেন, আমি ও মাসরূক আয়েশা রাদিয়াল্লাহ আনহার নিকট উপস্থিত হলাম। মাসরুক তাঁকে বললেন, ‘মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাথীদের মধ্যে দু’জন সাথী কল্যাণের ব্যাপারে আদৌ ত্রুটি করেন না। তাঁদের একজন
মাগরিব ও ইফতার দ্রুত সম্পাদন করেন এবং অপরজন মাগরিব ও ইফতার দেরীতে সম্পাদন করেন।’
এ কথা শুনে তিনি জিজ্ঞাসা করলেন, ‘কে মাগরিব ও ইফতার দ্রুত করেন?’ তিনি বললেন, ‘আব্দুল্লাহ —অর্থাৎ ইবন মাসঊদ— তিনি বললেন, ‘আল্লাহর রসূল এরূপই করতেন।’
[সহীহ] [এটি মুসলিম বর্ণনা করেছেন।]

আবূ আত্বিয়্যাহ ও মাসরূক আয়েশা রাদিয়াল্লাহ আনহাকে‘মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাথীদের মধ্যে দু’জন সাথীর ব্যাপারে জিজ্ঞাসা করেন। তাদের একজন মাগরিব ও ইফতার দেরিতে করেন এবং অপরজন মাগরিব ও ইফতার তাড়াতাড়ি সম্পাদন করেন।’ তাদের দুইজনের মধ্যে কে সঠিক পথের ওপর আছে? এ কথা শুনে আয়েশা জিজ্ঞাসা করলেন, ‘কে মাগরিব ও ইফতার তাড়াতাড়ি করেন?’ তারা বললেন, ইবন মাসঊদ রাদিয়াল্লাহু আনহু।’ তিনি বললেন, ‘আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এরূপই করতেন।’ অর্থাৎ মাগরিব ও ইফতার তাড়াতাড়ি সম্পাদন করেন।’ এটি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কর্মগত সুন্নাত। এতে প্রমাণিত হয়, যে উত্তম হলো ইফতার দ্রুত করা।

http://www.sunnah.global/hadeeth/bn/show/6013